

## আল-ইসরা (বনী-ইসরাইল) | Al-Isra (Bani-Israel) | (الْإِسْرَاءُ (بَنَى إِسْرَائِيلَ)

আয়াতঃ ১৭ : ৭২

### আরবি মূল আয়াত:

وَمَنْ كَانَ فِي هَذِهِ أَعْمَى فَهُوَ فِي الْآخِرَةِ أَعْمَىٰ وَأَضَلُّ سَبِيلًا ۝ ۷۲ ۝

### A ॥ অনুবাদসমূহ:

আর যে ব্যক্তি এখানে অন্ধ সে আধিরাতেও অন্ধ এবং অধিকতর পথভ্রষ্ট। — আল-বায়ান

যে ব্যক্তি এখানে (সত্য পথ দেখার ব্যাপারে) অন্ধ, সে আধিরাতেও হবে অন্ধ, আর সঠিক পথ থেকে অধিক বিচ্যুত। — তাইসিরত্ন

যে ইহলোকে অন্ধ পরলোকেও সে অন্ধ এবং অধিকতর পথভ্রষ্ট। — মুজিবুর রহমান

And whoever is blind in this [life] will be blind in the Hereafter and more astray in way. — Sahih International

৭২. আর যে ব্যক্তি এখানে অন্ধ(১) সে আধিরাতেও অন্ধ(২) এবং সবচেয়ে বেশী পথভ্রষ্ট।

১. এখানে অন্ধ বলে বাহ্যিক অন্ধদের বুঝানো হয়নি। বরং যাদের মন হক বুঝার ক্ষেত্রে, আল্লাহর নিদর্শনাবলী দেখার ক্ষেত্রে অন্ধত্ব গ্রহণ করেছে। হক মানতে চায়না এবং নিদর্শনাবলী দেখতে চায়না এমন প্রকৃত অন্ধদেরকে উদ্দেশ্য নেয়া হয়েছে। অন্য আয়াতে বলা হয়েছে, “তারা কি দেশ ভ্রমণ করেনি? তাহলে তারা জ্ঞানবুদ্ধিসম্পন্ন হৃদয় ও শৃতিশক্তিসম্পন্ন শ্রবণের অধিকারী হতে পারত। বস্তুত চোখ তো অন্ধ নয়, বরং অন্ধ হচ্ছে বুকের মধ্যে অবস্থিত হৃদয়।” [সূরা আল-হাজ্বঃ ৪৬]

পক্ষান্তরে দুনিয়ার জীবনে যারা অন্ধ তারা যদি ঈমানদার হয় এবং সৎকাজ করে ও ধৈর্যধারণ করে তবে তাদের ব্যাপারে কুরআন ও হাদীসে প্রশংসা বাণী এসেছে। কুরআনে বলা হয়েছে, “তিনি অকুণ্ডিত করলেন এবং মুখ ফিরিয়ে নিলেন। কারণ তার কাছে অন্ধ লোকটি আসল। আপনি কেমন করে জানবেন—সো হয়ত পরিশুন্দ হত, অথবা উপদেশ গ্রহণ করত, ফলে উপদেশ তার উপকারে আসত। [সূরা আবাসাঃ ১-৩] অনুরূপভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদীসেও ঐ সমস্ত লোকদের ব্যাপারে জানাতের সুসংবাদ জানানো হয়েছে যারা অন্ধ হয়ে যাবার পর ধৈর্যধারণ করেছে।

২. এখানে বলা হয়েছে যে, তারা আধিরাতে অন্ধ হবে। আধিরাতে তাদের অন্ধত্বের ধরণ সম্পর্কে দুটি মত রয়েছে। এক, তারা বাস্তবিকই শারীরিকভাবে অন্ধ হিসেবে হাশরের মাঠে উঠবে। এ অর্থের সমর্থনে কুরআনের অন্যত্র এসেছে, “যে আমার স্মরণে বিমুখ থাকবে, অবশ্যই তার জীবন-যাপন হবে সংকুচিত এবং আমি তাকে কিয়ামতের দিন উঠিত করব অন্ধ অবস্থায়।” [ত্র-হাঃ ১২৪]

আরো এসেছে, “কিয়ামতের দিন আমি তাদেরকে সমবেত করব তাদের মুখে ভর দিয়ে চলা অবস্থায় অন্ধ, মৃক ও বধির করে। [সূরা আল-ইসরাঃ ৯৭] দুই, এ ছাড়া আয়াতের আরেক অর্থ করা হয়ে থাকে যে, তারা কিয়ামতের দিন তাদের দুনিয়ার জীবনে যে সমস্ত দলীলপ্রমাণাদি ব্যবহার করে হক্ক পথ থেকে দূরে থাকে, সে সব থেকে তাদেরকে অন্ধ করে উঠানো হবে। মুজাহিদ রাহেমানুল্লাহ এ অর্থ গ্রহণ করেছেন। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৭২) যে লোক ইহলোকে অন্ধ, সে লোক পরলোকেও অন্ধ এবং অধিকতর পথভ্রষ্ট। [1]

[1] **أَعْمَى** (অন্ধ) বলতে অন্তরের অন্ধ। অর্থাৎ, যে দুনিয়াতে সত্য দেখা হতে, বুঝা হতে এবং কবুল করা হতে বাধ্যত থাকে, সে আখেরাতে অন্ধ হবে এবং প্রতিপালকের বিশেষ অনুগ্রহ ও দয়া থেকে বাধ্যত থাকবে।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2101>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন